

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিসকক্ষ।
সভারতারিখ : ৩০/১১/২০২১খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মৎস্য অফিসার, তারাকান্দা ও মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব'কে তারাকান্দা উপজেলার মৎস্য ও প্রাণীসম্পদ এর উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য আহবান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে জানান যে, তারাকান্দা উপজেলা প্রাণীসম্পদ কার্যালয়ের গবাদি পশু পাখির রোগ প্রতিরোধে টিকা প্রদান, চিকিৎসা সেবা ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম চলমান আছে। তিনি আরো জানান যে, এলডিডিপি প্রকল্পের আওতায় নিয়োজিত এলএসপি গণের মাধ্যমে প্রাণীসম্পদ জরিপ কার্যক্রম বর্তমানে চলমান আছে। এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণের সহযোগীতা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমান করোনা পরিস্থিতিতেও উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে তারাকান্দা উপজেলা প্রাণীসম্পদ কার্যালয়ের গবাদি পশু পাখির রোগ প্রতিরোধে টিকা প্রদান, চিকিৎসা সেবা ও অন্যান্য কার্যক্রম চলমান আছে। উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তাজানান যে, রাজস্ব ও প্রকল্পের কার্যক্রম, হাট বাজার পরিদর্শন, হ্যাচারী পরিদর্শন, পুকুর ও জলাশয় পরিদর্শন অব্যাহত আছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য গুরুত্ব আরোপ করা হয়। তারাকান্দা উপজেলায় সকল গবাদি চাষী ভালো লাভ যাতে করতে পারে সংশ্লিষ্ট কর্তৃ পক্ষকে তা নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(নজরুল ইসলাম নয়ন)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাকান্দা।
তারিখঃ ৩০/১১/২০২১খ্রিঃ

স্মারক নং- উপ.মৎস্য.অ/তা.ম/উপজেলা কমিটি/২০২১-

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।



উপজেলা মৎস্য অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।